বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
(জাতীয় পর্যটন সংস্থা)
লেভেল: ৯-১০, পর্যটন ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
www.tourismboard.gov.bd

# গবেষণা প্রস্তাবনা আহবান

২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের রাজস্ব খাতের আওতায় নিম্নোক্ত বিষয়বস্তুর উপর গবেষণা প্রস্তাবনা আহবান করা যাচ্ছে:

(১) কমিউনিটি বেইজড পর্যটন (Community Based Tourism); (২) জলবায়ু বান্ধব পর্যটন (Climate Friendly Tourism); (৩) এডভেঞ্চার পর্যটন (Adventure Tourism); (৪) গ্রামীন পর্যটন (Rural Tourism); (৫) সুনীল পর্যটন (Blue Tourism); (৬) পর্যটন বিপণন (Tourism Marketing); (৭) পর্যটনে বিনিয়োগ (Investment in Tourism); (৮) টেকসই পর্যটন (Sustainable Tourism)।

প্রতিটি গবেষণা প্রস্তাবের পরিধি (Scope) বিবেচনা করে বাজেট হবে ভ্যাট ও আয়করসহ সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। তন্মধ্যে সেমিনার ও গবেষণা মূল্যায়ন ব্যয় থাকবে মূল বাজেটের ১০ শতাংশ। গবেষণা প্রস্তাব আগামী ১৪ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের ওয়েব সাইটে (www.tourismboard.gov.bd) গবেষণা সংক্রান্ত লিংক অথবা নিম্নস্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। গবেষণা প্রস্তাব ad.planning@btb.gov.bd অথবা rifatautumn@gmail.com ইমেইলে/ সরাসরি বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অফিসে এসে/ ডাকযোগে দাখিল করা যাবে।

22/12/23


মোঃ মাজহারুল ইসলাম
উপ-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা)
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
ফোন: ০২ ৪১০২ ৪২৩৪
মোবাইল: ০১৭ ১৭০৪ ০৪৭৪
ইমেইল: rifatautumn@gmail.com

**Bangladesh Tourism Board**
(National Tourism Organization)
Level-9-10 (Parjatan Bhaban),
E-5 C/1, West Agargaon
Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka - 1207.

**Research Proposal**
*Please follow the A4 size paper to prepare the research proposal:*

**Part- A: Information**

| Project number (assigned by the BTB) | Date of receive (assigned by the BTB) |
|---|---|
| | |

1. Title of the research project: ------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

2. Name and Address of the Researcher:

| | | |
|---|---|---|
| Name | : | |
| Designation | : | |
| Address of the institute/ organization | : | |
| E-mail | : | |
| Cell phone number | : | |

3. Name and Address of the Co-researcher (if any):

| | | |
|---|---|---|
| Name | : | |
| Designation | : | |
| Address of the institute/ organization | : | |
| E-mail | : | |
| Cell phone number | : | |

4. List of the ongoing research project(s) (if any):

| Serial | Title of the project | Expected date of Completion |
|---|---|---|
| 1. | | |
| 2. | | |
| 3. | | |

I/We do hereby assure you that the project is not submitted to any other organization and the research will be conducted maintaining the highest level of ethical standard following the research policy of BTB.

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

Signature of the Researcher

Signature of the Co-researcher (if any)

Counter Signature of the Head of the Institution (if any)

## Part- B: Logical Interpretation

| | | | |
|---|---|---|---|
| 1. | Title of the Research Project | : | |
| 2. | Statement of the Problem<br>(*Maximum of 500 words*) | : | |
| 3. | Objectives of the research<br>*a. General objective*<br>*b. Specific objectives* | : | |
| 4. | Scope of the Study | : | |
| 5. | Literature Review | : | |
| 6. | Methodology (Sources of data, Study area, Intended population, Sampling, Data collection technique, Data analysis technique etc.) | : | |
| 7. | Expected Results of the Study | : | |
| 8. | Expected Policy Implications | : | |
| 9. | References | : | |
| 10. | Annexures | | |
| | A. Tentative Budget<br>B. Work Plan of the Project (preferably a date inserted Gantt chart)<br>C. Curriculum Vitae of the Researcher & Co-researcher(s) (if any) | :<br>:<br>:<br>: | |

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

Bangladesh Tourism Board
National Tourism Organization

## Part C: Budget (Tentative)

*The budget of a research project must be limited to taka 10,00,000.00 (Ten Lacs) only. The total budget will be disbursed in three installments to a current account of the project name. While the first and second installments are 20% and 30% of the total budget, and the other one is 50%.*

| Sl. No. | Head of expenditure | Amount | | |
|---|---|---|---|---|
| | | 1st Installment (20%) | 2nd Installment (30%) | 3rd Installment (50%) |
| 1. | Research Tools Development | | | |
| 2. | Data Collection | | | |
| 3. | Data Analysis | | | |
| 4. | Report Writting | | | |
| 5. | Printing | | | |
| 6. | Stationaries | | | |
| 7. | Transportation/Conveyance | | | |
| 8. | Honorarium of the Researcher(s) | | | |
| 9. | Miscellaneous | | | |
| | Total amount = | | | |
| 10. | Honorarium for evaluation and seminar (10% of total ammount) | | | |
| Grand Total = | | | | |

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

Bangladesh Tourism Board
National Tourism Organization

## Part D: Work Plan

*(The project must be completed within the fiscal year)*

Work plan (*in Gantt chart*):

| Activities | Duration in months | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

**Part E: CV of the Researcher and Co-researcher(s) (if any)**

1. Name: ……………………………………………………………………………………

2. Designation: ……………………………………………………………………………

3. Official Mailing Address: …………………………………………………………………

   ……………………………………………………………………………………………………

   Phone# ………………………………… Cell Phone# …………………………………..

   Fax: …………………………… E-mail: ……………………………………………………

4. Academic Attainment (Only university degrees- last one first):

| Degree | Year | University | Major Field |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

5. Research/Teaching Experience: …………………… Years ………………………………

6. Area of Expertise: …………………………………………………………………………

7. No. of Publication: (a) International: ………. (b) National: ....................

8. List of articles published during last 5 years in peer reviewed journals:

   *(Please attach the title page of each article listed with the original copy of the proposal)*

   ……………………………………………………………………………………………

   ……………………………………………………………………………………………

9. Completed Research Project (s):

   a)

   b)

   c)

______________________________

Signature and seal (if any) of the Researcher/Co-researcher:

Date: ………………………………

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
(জাতীয় পর্যটন সংস্থা)
লেভেল: ৯-১০, পর্যটন ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
www.tourismboard.gov.bd

গবেষণা কার্যক্রম পরিচালনা: ২০২৩-২০২৪

## টার্মস অব রেফারেন্স (টিওআর)

### ১ ভূমিকা:

অপার সম্ভাবনাময় বাংলাদেশের পর্যটন শিল্পকে বিশ্বব্যাপী প্রচারের উদ্দেশ্যে এবং আমাদের এই সোনার বাংলাকে বিশ্ব দরবারে একটি 'পর্যটন গন্তব্য' হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কাজ করে যাচ্ছে। বর্তমান বিশ্বে পর্যটন শিল্প একক বৃহত্তম অর্থনৈতিক কর্মকান্ড হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। পাশাপাশি এই শিল্পটি তার বহুমাত্রিক বৈশিষ্ট্যতার কারণে বিভিন্ন দেশে অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। অফুরন্ত প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত বাংলাদেশে পর্যটন শিল্প খুবই সম্ভাবনাময়। পৃথিবীর যে কোন পর্যটককে আকৃষ্ট করার মত সকল পর্যটন আকর্ষণীয় উপাদান বাংলাদেশে বিদ্যমান। পর্যটন শিল্পের উন্নয়ন এবং দেশের অর্থনীতিতে পর্যটন শিল্পের ক্রমবর্ধমান অবদানকে আরও শক্তিশালী করণসহ বহি:বিশ্বে দেশের ভাবমুর্তি উন্নয়নের লক্ষ্যে পর্যটন সংশ্লিষ্ট গবেষণা/ প্রায়োগিক গবেষণা কার্যক্রমে গবেষকগণের অংশগ্রহণ উৎসাহিত করা গুরুত্বপূর্ণ । এছাড়াও পর্যটন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের যেমন, (১) কমিউনিটি বেইজড পর্যটন (Community Based Tourism); (২) জলবায়ু বান্ধব পর্যটন (Climate Friendly Tourism); (৩) এডভেঞ্চার পর্যটন (Adventure Tourism); (৪) গ্রামীন পর্যটন (Rural Tourism); (৫) সুনীল পর্যটন (Blue Tourism); (৬) পর্যটন বিপণন (Tourism Marketing); (৭) পর্যটনে বিনিয়োগ (Investment in Tourism); (৮) টেকসই পর্যটন (Sustainable Tourism) -এর গুণগতমান উন্নয়নে গবেষণা করা প্রয়োজন। বাংলাদেশ পর্যটন বোর্ড আইন ২০১০ এর ৭(১২) অনুসারে পর্যটন শিল্পের উন্নয়নের জন্য গবেষণা, আন্তর্জাতিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণপূর্বক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের বিষয়টি উল্লেখ রয়েছে।

১.১ বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের ২০২৩-২০২৪ অর্থ বছরে নিম্নলিখিত বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে: (১) কমিউনিটি বেইজড পর্যটন (Community Based Tourism); (২) জলবায়ু বান্ধব পর্যটন (Climate Friendly Tourism); (৩) এডভেঞ্চার পর্যটন (Adventure Tourism); (৪) গ্রামীন পর্যটন (Rural Tourism); (৫) সুনীল পর্যটন (Blue Tourism); (৬) পর্যটন বিপণন (Tourism Marketing); (৭) পর্যটনে বিনিয়োগ (Investment in Tourism); (৮) টেকসই পর্যটন (Sustainable Tourism);

১.২ গবেষণা প্রস্তাবের বিষয়সমূহ

একটি গবেষণা প্রস্তাবে প্রধানতঃ নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবেঃ

(ক) শিরোনাম;
(খ) সমস্যা চিহ্নিতকরণ;
(গ) গবেষণার উদ্দেশ্য;
(ঘ) গবেষণার পরিধি;
(ঙ) বিষয়বস্তু পর্যালোচনা;
(চ) উপাত্ত বিশ্লেষণ/উপাত্ত উপস্থাপন পরিকল্পনা;
(ছ) গবেষণার সম্ভাব্য ফলাফল;
(জ) বাজেট;
(ঝ) কর্ম পরিকল্পনা/সময়সীমা;

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

(ঞ) গবেষণা কার্যক্রমের পরিচালকের/গবেষকের জীবন বৃত্তান্ত।

## ২ গবেষণা কার্যক্রমের ব্যবস্থাপনা

২.১ গবেষণা কার্যক্রমের মেয়াদ

গবেষণা কার্যক্রমের মেয়াদ সাধারণতভবে অর্থবছরের (জুলাই-জুন) মধ্যে সীমিত থাকবে। গবেষণা নিম্নলিখিত সময়সূচী ও তারিখ অনুযায়ী পরিচালিত হবেঃ

| | |
|---|---|
| ক. পত্রিকা/ Website/ বিভিন্ন প্রতিষ্ঠান বিজ্ঞপ্তি প্রকাশ | : ২২ ডিসেম্বর, ২০২৩ |
| খ. গবেষণা প্রস্তাব জমা প্রদান | : ১৪ জানুয়ারি, ২০২৪ |
| গ. গবেষণা প্রস্তাব উপস্থাপন | : ০৪ ফেব্রুয়ারি, ২০২৪ |
| ঘ. খসড়া প্রতিবেদন উপস্থাপন | : ১৫ মার্চ, ২০২৪ |
| ঙ. চূড়ান্ত প্রতিবেদন জমা প্রদান | : ২৮ মে, ২০২৪ |

তবে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড প্রয়োজনবোধে এই সময়সীমা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

২.২ গবেষণা কার্যক্রম আরম্ভ

গবেষণা প্রস্তাব অনুমোদনের পর উপ-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) প্রতিটি অনুমোদিত গবেষণা প্রস্তাবের অনুকূলে দপ্তর আদেশ জারী করবেন এবং একই সময়ে প্রতিটি গবেষণা প্রস্তাবের অনুকূলে উপ-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) প্রথম কিস্তির অর্থ অগ্রিম হিসাবে প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। দপ্তর আদেশ জারীর তারিখ থেকে গবেষণা কার্যক্রম শুরু হয়েছে মর্মে গণ্য হবে।

২.৩ গবেষণা অগ্রগতি পর্যালোচনা

প্রতিটি গবেষণা কার্যক্রমের পরিচালক/গবেষক মাসিক ভিত্তিতে গবেষণার অগ্রগতি প্রতিবেদন গবেষণা কমিটির সভাপতির নিকট পেশ করবেন। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক চলমান গবেষণাসমূহের অগ্রগতির পর্যালোচনা করা হবে।

২.৪ সেমিনারে খসড়া প্রতিবেদন উপস্থাপন

প্রতিটি গবেষণার খসড়া প্রতিবেদন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সেমিনারে উপস্থাপন করা হবে। গবেষণা শেষে সংশিষ্ট গবেষক পরিমার্জিত গবেষণা প্রতিবেদনের ০৭ (সাত) কপি (হার্ডকপি বাঁধাই) বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের পরিকল্পনা ও গবেষণা শাখায় দাখিল করবেন। পরিমার্জিত গবেষণা প্রতিবেদন লাইব্রেরীতে সংরক্ষণ করা হবে।

২.৫ গবেষণার প্রতিবেদন অনুমোদন

প্রতিটি গবেষণার প্রতিবেদন সংশ্লিষ্ট মূল্যায়নকারীগণের মতামত অনুসারে গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত হবে। গবেষণার ভাষা হবে ইংরেজী তবে চূড়ান্ত প্রতিবেদনের একটি বাংলা অনুবাদ উপ-পরিচালক পরিকল্পনা ও গবেষণা বরাবর দাখিল করতে হবে। উল্লেখ্য বাংলা অনুবাদ বাবদ ব্যয় গবেষণা বাজেটে অন্তর্ভূক্ত থাকবে।

২.৬ গবেষণা প্রতিবেদনের স্বত্ব

সকল গবেষণা প্রতিবেদনের স্বত্ব বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের নিকট ন্যস্ত থাকবে। তবে গবেষক বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অনুমতিসাপেক্ষে প্রকাশনার ব্যবস্থা করতে পারবেন।

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

২.৭ গবেষণা তথ্য প্রচার

গবেষণা তথ্যের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণে গবেষণালব্ধ তথ্য শুধুমাত্র বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক বিভিন্ন মাধ্যমে প্রচার করা হবে। যেমন: সেমিনার, ওয়ার্কশপ, কনফারেন্স, প্রাতিষ্ঠানিক যোগাযোগ, প্রশিক্ষণ, ওয়েব সাইটে প্রদান, জার্নালে প্রকাশ ইত্যাদি।

## ৩. গবেষণা পরিচালক/গবেষকের যোগ্যতা

৩.১ যে কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি/ব্যক্তিবর্গ গবেষণা পরিচালনা করতে পারবেন।

৩.২ কোন গবেষণায় একাধিক গবেষক জড়িত থাকলে গবেষণা দলের সকল সদস্যকে ঐ গবেষণার দায় দায়িত্ব বহন করতে হবে। গবেষণা প্রস্তাব অনুমোদন হবার পর যদি গবেষণা পরিচালক/ গবেষক অবসরে যান তবে তিনি গবেষণা শেষ করতে পারবেন অথবা তার স্থলে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর অনুমতি স্বাপেক্ষে অন্য গবেষককে প্রতিস্থাপন করতে পারবেন। গবেষণা শেষে গবেষণা সংক্রান্ত খরচের বিল ভাউচার কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন ও সমন্বয় করতে হবে।

৩.৩ এ গবেষণায় বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের ন্যূনতম ০১ (এক) জন কর্মকর্তা এবং গবেষণার তথ্য উপাত্ত সংগ্রহে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের ন্যূনতম ০১ (এক) জন কর্মচারী অন্তর্ভুক্ত করতে হবে। উল্লেখিত কর্মকর্তা ও তথ্য উপাত্ত সংগ্রহকারী কর্মচারী বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃপক্ষ নির্ধারণ করবেন।

৩.৪ কোন গবেষণা ইতোমধ্যে চলমান/সমাপ্ত/প্রকাশিত হলে তা গ্রহণযোগ্য হবেনা।

৩.৫ কোন গবেষণার Plagarism ১০% এর উপরে হলে তা গ্রহণযোগ্য হবেনা।

## ৪ গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা

৪.১ গবেষণা প্রস্তাবের পরিধি (Scope) বিবেচনাকরে চূড়ান্ত গবেষণা প্রস্তাবের বাজেট হবে ভ্যাট ও আয়করসহ সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। তন্মধ্যে সেমিনার ও গবেষণা মূল্যায়ন ব্যয় থাকবে মূল বাজেটের ১০ শতাংশ।

৪.২ প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৫০% অর্থ গবেষণা পরিচালক/গবেষক গবেষণা সহযোগী ও সদস্যগণ সম্মানী হিসেবে প্রাপ্য হবেন।

৪.৩ গবেষণা প্রস্তাব প্রাথমিক মূল্যায়নে সংশ্লিষ্টগণ প্রতিটি সভায় সম্মানী বরাদ্দ ২,০০০/- (দুই হাজার) টাকা (আয়করসহ) প্রাপ্য হবেন এবং এ অর্থ বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৪.৪ গবেষণা শেষে প্রতিটি গবেষণা কার্যক্রমে চূড়ান্ত মূল্যায়নের জন্য মূল্যায়নে সংশ্লিষ্টগণ প্রত্যেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (আয়করসহ) হারে সম্মানী পাবেন।

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

## ৫ গবেষণার বাজেট বিভাজন

গবেষণার বাজেট বিভাজনে নিম্নলিখিত বিষয় অন্তভুক্ত থাকবেঃ

৫.১ গবেষণা পরিচালকের/গবেষকের সম্মানী

৫.২ গবেষণা সহযোগী ও সহকারীদের সম্মানী

৫.৩ গবেষণা সহায়তা ব্যয় (যাতায়াত ও দৈনিক ভাতা, গবেষণা সংশ্লিষ্ট সভা, মুদ্রণ ব্যয়, প্রশ্নপত্র, তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও পুনমুর্দ্রণ ব্যয়, প্রচ্ছদ ও বাঁধাই ব্যয়, স্টেশনারী ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, পরিবহন ব্যয় ইত্যাদি)। মোট গবেষণা বাজেটের ১০% গবেষণা মূল্যায়ন, সেমিনার/ওয়ার্কশপের জন্য বরাদ্দ থাকবে।

৫.৪ খসড়া প্রতিবেদন বিবেচনার উদ্দেশ্যে আয়োজিত গবেষণা সেমিনারে সভাপতি, আলোচক ও র‌্যাপোর্টিয়ার প্রত্যেকে ৩,০০০/- (তিন হাজার) টাকা (আয়করসহ) হারে সম্মানী প্রাপ্য হবেন যা সংশিষ্ট গবেষণা কার্যক্রমের বাজেট থেকে প্রদান করা হবে।

৫.৫ অনুমোদিত গবেষণা বাজেটের আলোকে সংশ্লিষ্ট গবেষণা পরিচালক/গবেষক, গবেষণার বাজেট বিভাজন (উপ-খাতসমূহ) উপ-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) এর নিকট পেশ করবেন। প্রতিটি অনুমোদিত গবেষণার বাজেট বিভাজন প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক অনুমোদিত হবে।

## ৬ গবেষণা কার্যক্রমে অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ

গবেষণা কার্যক্রমের আউট লাইন ও কর্মপরিকল্পনা প্রাপ্তির পর বরাদ্দকৃত তহবিলের ১ম কিস্তির টাকা ছাড় করা যাবে। খসড়া প্রতিবেদন জমা স্বাপেক্ষ ২য় কিস্তি এবং সম্পাদিত গবেষণা কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান হওয়া সাপেক্ষে ৩য় কিস্তির টাকা ছাড় করতে হবে। গবেষণা প্রবন্ধ কর্মশালায় উপস্থাপন, কর্মশালার সুপারিশের ভিত্তিতে সংশোধন এবং external evaluator এর অনুকূলে মতামত প্রাপ্তির সাপেক্ষে সর্বশেষ কিস্তির অর্থ ছাড় করা হবে। পূর্বে গৃহিত অর্থের সমন্বয় না করা পর্যন্ত পরবর্তি কিস্তির অর্থ প্রদান করা হবে না।

## ৭ গবেষণা কার্যক্রমে গৃহীত অর্থের জবাবদিহিতা

৭.১ যদি কোন গবেষণার ব্যয়ভার মেটানো পর অর্থ উদ্বৃত্ত থেকে যায়, তবে তা গবেষণা পরিচালক/গবেষক বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে ফেরত প্রদান করবেন। যদি গবেষণা পরিচালক/গবেষক ও গবেষণায় নিয়োজিত অন্য কোন কর্মকর্তা ও সহকারী তাঁর/তাঁদের উপর অর্পিত দায়িত্ব পালনে অসমর্থ হন তাহলে গৃহীত অগ্রিম ফেরত দানে বাধ্য থাকবেন।

৭.২ প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ তিন কিস্তিতে প্রদান করা হবে। প্রথম কিস্তিতে অনুমোদিত গবেষণা বাজেটের শতকরা ৩০ ভাগ অর্থ গবেষণা পরিচালকের/গবেষকের অনুকূলে অগ্রিম হিসেবে প্রদান করা হবে এবং গবেষণা পরিচালক/গবেষক উপ-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) এর নিকট অর্থ প্রাপ্তির আবেদন করবেন। গবেষণা পরিচালক/গবেষক ব্যয়কৃত অর্থের ভাউচার, রশিদ, হিসাব বিবরণী ইত্যাদি বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে জমা দিয়ে প্রতিটি কিস্তিতে গৃহীত অগ্রিম সমন্বয় করবেন। পরিচালক/গবেষক চূড়ান্ত হিসাব, বিল, ভাউচার, রশিদ, ব্যয়বিবরণীসহ বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে জমা দিয়ে গবেষণার হিসাব সমন্বয় করবেন। সংশিষ্ট অর্থ বছরের জুন মাসের পূর্বে গৃহীত অর্থ সমন্বয় করতে হবে। বিশেষ ক্ষেত্রে গবেষণা কমিটি বিকল্প ব্যবস্থা গ্রহণ ও আন্ত:খাত সমন্বয় করতে পারবে।

Md. Mazharul Islam
Deputy Director (Research & Planning)
Bangladesh Tourism Board

## ৮ গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষকদের (গবেষণা পরিচালক ও গবেষণা সহযোগীদের) লিখিত সম্মতি জ্ঞাপন পত্র

৮.১ গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষণা পরিচালক/গবেষক, যুগ্ম-পরিচালক/যুগ্ম-গবেষক ও গবেষণা সহযোগীগণ প্রত্যেক বিটিবি'কে এই মর্মে লিখিত সম্মতি-পত্র জ্ঞাপন করবেন যে তাঁরা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণার কাজ সম্পাদনে সর্বাত্নক চেষ্টা করবেন। কোন কারণে গবেষণা অসম্পূর্ণ রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে ফেরত প্রদান করবেন।

৮.২ কোন গবেষক গবেষণা অসম্পূর্ণ রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে ফেরত না দিলে প্রচলিত আইনানুযায়ী/PDR Act, 1913 অনুযায়ী তা আদায় কর যাবে।

৮.৩ অনুমোদিত গবেষণায় নিয়োজিত গবেষকদের পরিবর্তনের ক্ষেত্রে গবেষণা কমিটির অনুমোদন নিতে হবে। কোন কারণে গবেষণা কমিটির সভা আয়োজনে বিলম্ব হলে উপ-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) এর মাধ্যমে গবেষণা কমিটির সভাপতি মহোদয়ের নিকট হতে অনুমোদন নিতে হবে।

